



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
প্রশিক্ষণ ও উন্নয়ন

...

সভাপতি	এহছানুল পারভেজ পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)
সভার তারিখ	২৩-০৫-২০২১, রবিবার
সভার সময়	সকাল ১১:৩০ ঘটিকা
স্থান	রুম নং: ৩১৭, আইসিটি টাওয়ার
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী ও সংশ্লিষ্ট সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করেন। বিগত ০৩.০৫.২০২১ তারিখের সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতি নিম্নরূপ:

ক্রমিক	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১	আগামি ১১.০৫.২০২১ তারিখে আইসিটি বিভাগের উদ্যোগে ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হবে সেখানে বিসিসির “জি-ক্রাউড” উদ্ভাবনীটি সর্বোচ্চ দক্ষতার সাথে প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রত্যাশা করা হয়।	বাস্তবায়িত।
০২	“জি-ক্রাউড” উদ্ভাবনীটি বিসিসির আঞ্চলিক কার্যালয় সমূহে ব্যবহার নিশ্চিত করণের নিমিত্ত আঞ্চলিক কার্যালয়সমূহের দপ্তর প্রধানদের সাথে ০৪.০৫.২০২১ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় ভারুয়াল বৈঠকের সিদ্ধান্ত গৃহিত হয়।	বাস্তবায়িত।
০৩	আইসিটি বিভাগের নির্দেশনা মোতাবেক ১১.০৫.২০২১ তারিখে অনুষ্ঠিতব্য ইনোভেশন শোকেসিং-২০২১ উপলক্ষে বিসিসির শোকেসিং কনটেন্ট ০৭.০৫.২০২১ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে আইসিটি বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।	বাস্তবায়িত।

আইসিটি বিভাগের নির্দেশনা মোতাবেক চিহ্নিত কার্যক্রম সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

ক) আগামি ০৮-০৯/০৬/২০২১ তারিখ ২ দিনব্যাপী বিসিসির সকল কর্মকর্তার অংশগ্রহণে সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধি বিষয়ক ভারুয়াল প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।
বাস্তবায়নকারী: বিসিসি ইনোভেশন টিম।

খ) বিসিসির ইনোভেশন কর্মপরিকল্পনার কার্যক্রম ৯.১ অনুসারে উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ফ্রেস্ট/ পুরস্কার প্রদানের বাধ্যকতা থাকায় জি-ক্রাউড এর উদ্ভাবক বিসিসি ইনোভেশন টিম এবং ইউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম এর উদ্ভাবক জনাব মোঃ হোসেন বিন আমিন, সিনিয়র প্রোগ্রামার, বিসিসি কে ফ্রেস্ট প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নকারী: সদস্য সচিব, বিসিসি ইনোভেশন টিম।

গ) বিসিসির ইনোভেশন কর্মপরিকল্পনার কার্যক্রম ১৩.৩ অনুসারে মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদানের লক্ষে বিসিসি ইনোভেশন টিমের সদস্যবৃন্দ কর্তৃক বিসিসির ৭টি আঞ্চলিক কার্যালয় পরিদর্শনের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নকারী: বিসিসি ইনোভেশন টিম।

ঘ) বিসিসির ইনোভেশন কর্মপরিকল্পনার কার্যক্রম ৯.২ অনুসারে উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ

শেয়ারিংপ্রোগ্রামে প্রেরণের অংশ হিসাবে বিসিসি,ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ কর্তৃক দেশের অভ্যন্তরে সুবিধামত কোন ইনোভেটিভ প্রতিষ্ঠান জুন-২০২১ মাসের মধ্যে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নকারী: সদস্য সচিব, বিসিসি ইনোভেশন টিম।

ঙ) আইসিটি বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে আগামী ২৫/০৫/২০২১ তারিখে বিসিসি ইনোভেশন টিমের সকল সদস্যগণ আকাশি রংয়ের শার্ট, লাল টাই ও নীল/কালো প্যান্ট পরিধান করে গুপ ফটো তোলার সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নকারী: সদস্য সচিব, বিসিসি ইনোভেশন টিম।

সভাপতি মহোদয় গত ১১.০৫.২০২১ তারিখে আইসিটি বিভাগের উদ্যোগে ইনোভেশন শোকেসিং এ বিসিসির “জি-ক্লাউড” উদ্ভাবনীটি সর্বোচ্চ দক্ষতার সাথে প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামিতেও এই ধারাবাহিকতা বজায় রাখার প্রত্যাশা ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ-

এহছানুল পারভেজ
পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০৪৪.০১.০০১.২১.৩৪

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮
০৩ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, বিকেআইআইসিটি শাখা, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ২) আঞ্চলিক পরিচালক, প্রশিক্ষন ও উন্নয়ন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ৩) সিনিয়র প্রোগ্রামার, ডাটা সেন্টার এন্টারপ্রাইজ সলিউশন ইউনিট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ৪) এনালিস্ট (সার্ভার ও ক্লাউড সিকিউরিটি), চলতি দা:, ডাটা সেন্টার, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

স্বাঃ-

এহছানুল পারভেজ
পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)